

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৫৯৩.২৪. ২৫ন

তারিখ: ২০ বৈশাখ ১৪৩১  
২৬ এপ্রিল ২০২৪

### প্রজ্ঞাপন

যেহেতু, জনাব উম্মে তানিয়া তাহমিনা, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, রায়পুরা, নরসিংদী-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (গ) উপবিধি অনুযায়ী পলায়নের অভিযোগে গত ০৫ মার্চ ২০২৪ তারিখে বিভাগীয় মামলা Aueo/বিমা-০৪/২৪/৯২ রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়; এবং

যেহেতু, তিনি বিভাগীয় মামলার লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব উম্মে তানিয়া তাহমিনা, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, রায়পুরা, নরসিংদী -কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ (২)(ক) উপবিধি মোতাবেক “তিরস্কার (Censure)” দণ্ড প্রদান করা হলো। ২২.১১.২০২৩ তারিখ হতে ৩১.০৩.২০২৪ তারিখ পর্যন্ত তার বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতিকাল অসাধারণ ছুটি হিসেবে গণ্য হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

শাহী রেজওয়ান হায়াত  
মহাপরিচালক (গ্রেড-১)

জনাব উম্মে তানিয়া তাহমিনা  
সহকারী উপজেলা শিক্ষা অফিসার  
রায়পুরা, নরসিংদী।

স্থায়ী ঠিকানা:  
জনাব উম্মে তানিয়া তাহমিনা  
বি-৩৩, এফ-৬, জহুরী মহল্লা  
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

স্মারক নং - ৩৮.০১.০০০০.৩০০.২৭.৫৯৩.২৪. ২৫ন(৯)

তারিখ: ২০ বৈশাখ ১৪৩১  
২৬ এপ্রিল ২০২৪

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নরসিংদী।
৬. শেখ সাইদুর রহমান, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৭. উপজেলা শিক্ষা অফিসার, রায়পুরা, নরসিংদী।
৮. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, রায়পুরা, নরসিংদী।
৯. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালকের অবগতির জন্য)।
১০. সংরক্ষণ নথি।

IMD ০০০  
২৪/০৪/২৪

২০/৪/২০২৪  
নাহিদ নাজনীন  
সহকারী পরিচালক  
তদন্ত ও শৃঙ্খলা শাখা